গাজীপুর

INSO2-1/00264/2019/4910/ ৫১৫৪৪

Date: ১৭.১০.২১

প্রাপক : অধ্যক্ষ
হোসেনপুর কলেজ
হোসেনপুর, কিশোরগঞ্জ

বিষয় : স্নাতক (পাস) শিক্ষাকার্যক্রমে অধিভুক্তি নবায়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে কলেজে নিম্নলিখিত শিক্ষাকার্যক্রম ও বিষয়ে অধিভুক্তি নবায়নের মেয়াদ শর্তাধীনে বৃদ্ধি করা হলো:

| শিক্ষাকার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয় |
|---|---|---|
| বি.এ (পাস) | ২০২০-২০২১ হতে ২০২২-২০২৩ | বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামি শিক্ষা ও মনোবিজ্ঞান |
| বি.এস.এস (পাস) | | অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম |
| বিবিএস (পাস) | | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং |

পালনীয় শর্তাবলী:

১। শিক্ষা প্রতিষ্ঠানে আনুষ্ঠানিকভাবে জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন বাধ্যতামূলক করতে হবে।
২। কোভিড-১৯ এর দুযোগপূর্ণ পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রীদের জন্য অন-লাইন(Online) ভিত্তিক পাঠদানের ব্যবস্থা করতে হবে।
৩। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে পরিস্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪। ছাত্র-ছাত্রীদের নিরাপদ সড়কের বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।
৫। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে যৌন নিপীড়ন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬। অধিভুক্তি সংক্রান্ত সংশোধিত রেগুলেশন-২০১৯ এর আলোকে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তিসহ অধিভুক্ত প্রতিটি বিষয়ে ন্যূনতম ০৩(তিন) জন করে শিক্ষক কর্মরত থাকতে হবে এবং বিজ্ঞান বিষয়ে মানসম্মত ল্যাবরেটরী ও প্রদর্শক কর্মরত থাকতে হবে।
৭। নিয়মিত টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা করতে হবে এবং প্রতি শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট শিক্ষকদের দ্বারা পরীক্ষা গ্রহণ করে ফলাফলের রেকর্ড সংরক্ষণ করতে হবে।
৮। স্নাতক পাঠ্যসূচি অনুযায়ী প্রতি বিষয়ে কমপক্ষে দু'শত পুস্তক ও রেফারেন্স বুক সংগ্রহ করতে হবে এবং গ্রন্থাগার থেকে পুস্তক বিতরণের ব্যবস্থা করতে হবে।
৯। গবেষণাগারে প্রয়োজনীয় দ্রব্যাদি ও যন্ত্রপাতির সরবরাহ নিশ্চিত করতে হবে।
১০। প্রত্যেক শিক্ষাবর্ষ শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে বার্ষিক বিবরণী পাঠাতে হবে।
১১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে কোন কোর্স/বিষয় প্রবর্তন করা যাবে না।
১২। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী গভর্নিং বডি গঠন করতে হবে।
১৩। অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে ফিসহ নির্ধারিত ফরমে কলেজ পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপর্যুক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা সে সংক্রান্ত সকল তথ্যাবলীসহ আবেদন করা না হলে পরবর্তী অধিভুক্তি নবায়নের আবেদন বিবেচনা করা হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

17-10-21
ফাহিমা সুলতানা
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর
Date:

INSO2-1/00264/2019/4910/
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩। অফিস কপি

17-10-21
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

কলেজ পরিদর্শক
জাতীয়বিশ্ববিদ্যালয়
গাজীপুর।